

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৩৩.২৩.৬৪২

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯  
১০ এপ্রিল ২০২৩

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ 'শেখ রাসেল পদক ২০২৩' এর জন্য আবেদন আহ্বান।**

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৩ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

পর্যায়	সময়সীমা
আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ	১১ এপ্রিল
আবেদন দাখিল	১৫ এপ্রিল - ২০ মে
যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ	২১ মে - ৩০ জুন
মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ	০১ জুলাই - ৩১ আগস্ট
কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ	০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর
ঘোষণা	১৮ অক্টোবর

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিয়োক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবাশিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২০, ২০২১ ও ২০২২ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য [www.doict.gov.bd](http://www.doict.gov.bd), [www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd) এবং [www.sheikhrussel.gov.bd](http://www.sheikhrussel.gov.bd) ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

মোঃ মোস্তফা কামাল  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২  
ই-মেইল: dg@doict.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
www.doict.gov.bd  
আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০২৭.২২.৩২৫

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০বঙ্গাব্দ  
০২ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

সভার নোটিশ

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৩ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে ব্যক্তিগত ০৮টি ক্ষেত্রে এবং ০২ টি প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করার নিমিত্ত অনলাইনে ([www.sheikhrussel.gov.bd](http://www.sheikhrussel.gov.bd)) আবেদন আহ্বান করা হয়েছে। উল্লেখ্য যে [www.doict.gov.bd](http://www.doict.gov.bd), [www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd) এবং [www.sheikhrussel.gov.bd](http://www.sheikhrussel.gov.bd) ওয়েবসাইটে এ সংক্রান্ত বিস্তারিত তথ্য রয়েছে। 'শেখ রাসেল পদক ২০২৩' এর অধিক সংখ্যক আবেদন প্রাপ্তি ও প্রচারের লক্ষ্যে করণীয় বিষয়ক একটি অনলাইন সভা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ মোস্তফা কামাল মহোদয়ের সভাপতিত্বে আগামী ০২.০৫.২০২৩ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় জুম প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

জুম আইডিঃ 363 620 3381  
পাসওয়ার্ডঃ doict

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/প্রতিনিধি কে যথাসময়ে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

(মিজা মুরাদ হাসান বেগ)  
উপ-পরিচালক (প্রশাসন)

ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭১

ই-মেইল: ddadmin@doict.gov.bd

সংযুক্তিঃ শেখ রাসেল পদক ২০২৩-বিজ্ঞপ্তি

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

প্রয়োজনীয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৫। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।